



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।

দরপত্র বিজ্ঞপ্তি

- ০১। নিম্নের বর্ণনা অনুযায়ী পবিস তহবিলের আওতায় আউট সোর্সিং এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী নিয়োগ এর জন্য ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্রের নিরাপত্তা জামানত (টাকা)	দরপত্র দলিল সংগ্রহের তারিখ ও সময়	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
						গ্রহণ	খোলা
০১	০৭/২০২২- ২৩	আউট সোর্সিং এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী নিয়োগ	১৫০০/-	১,৯০,০০০/-	২৩/০১/২০২৩ খ্রিঃ সোমবার হতে ১৬/০২/২০২৩ খ্রিঃ বুহস্পতিবার (অফিস চলাকালীন সময় পর্যন্ত)।	১৯/০২/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা (BST) পর্যন্ত ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।	১৯/০২/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকা (BST) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

- ০২। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০৩। আগ্রহী দরদাতাগণ “ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩” এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে প্রতিটি দরপত্র ক্রয়ের জন্য ছকে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র দলিলের মূল্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ময়মনসিংহ পবিস-৩ এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা যাবে না।
- ০৪। প্রতিটি দরপত্রের সাথে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ছকে উল্লেখিত পরিমাণ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দরপত্রের উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় দরপত্র পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। দাখিলকৃত দরপত্রসমূহ একই দিন ১১:০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র দাখিলকৃত অফিসে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে।
- ০৫। সকল দরপত্র দলিলের খামের উপরে প্রেরকের পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র নম্বর ও নাম স্পষ্ট করে লিখতে হবে।
- ০৬। কার্যাদেশ প্রদানকারী প্রতিষ্ঠানকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক সরাসরি মালামালের মূল্য চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। সরবরাহকারীকে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
- ০৭। দরপত্র দলিলে উল্লিখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।
- ০৮। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যা প্রয়োজন হলে তা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৯। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- মোবাইল নম্বরঃ ০১৭৬৯৪০০৬২২।

“বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হোন, অন্যকে ব্যবহারের সুযোগ দিন”

জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।